

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই, ১৩/বি, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা
www.ngoab.gov.bd

নং-০৩.০৭.২৬৬৬.৬৬১.৬৪.০২৮.১৭-

তারিখঃ ১০.০৬.২০১৮


বিষয়ঃ বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ (এনজিও) কর্তৃক 'এসডিজি' বিষয়ে রিপোর্টিং করার জন্য NGO's SDG Action Plan- এর উপর মতামত/সুপারিশ প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে ব্যুরোর সম্মেলন কক্ষে গত ০৯ মে, ২০১৮ তারিখে বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ কর্তৃক 'টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)' এর রিপোর্টিং বিষয়ক একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী SDG-এর উপর এনজিও কর্তৃক রিপোর্টিং করার বিষয়টি উপযোগী করার জন্য একটি 'উপ-কমিটি' গঠন করা হয়।

০২। গঠিত উপ-কমিটির ১ম সভা গত ২৯/০৫/২০১৮ তারিখে ব্যুরো'র মহাপরিচালক মহোদয়ের উপস্থিতিতে এনজিও বিষয়ক ব্যুরোর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত প্রতিনিধিগণের সুস্পষ্ট মতামতের ভিত্তিতে বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ কর্তৃক এসডিজি সংক্রান্ত রিপোর্টিং করার জন্য GED কর্তৃক প্রণীত ফরম্যাটটি পরিমার্জনপূর্বক নতুন আকারে NGO's SDG Action Plan- শীর্ষক একটি ফরম্যাট প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি)।

০৩। বর্ণিত অবস্থায় সংযুক্ত ফরম্যাট এর বিষয়ে মতামত ও সুপারিশ প্রদানের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০১(এক) পাতা।


গোকুল কৃষ্ণ ঘোষ
পরিচালক (প্রকল্প-২)
ফোনঃ ৫৫০০৭৪০৪।
২০/৬
২০১৮

নির্বাহী পরিচালক/চেয়ারম্যান
(সংশ্লিষ্ট সকল এনজিও)

অনুলিপি :

- ১। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (ব্যুরো'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ২। পিএ টু মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

